তারিখ ...... 13 APR 2017
পৃষ্ঠা ২ ... কলাম ৪

দৈনিক
আমাদের সময়

# পরীক্ষায় অসদুপায় অবলম্বনে সহায়তা ২ জনের কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক ●

পরীক্ষায় অসদুপায় অবলম্বনে সহায়তার অভিযোগে গতকাল ঢাকার মোহাম্মদপুরে লালমাটিয়া কুটুমবাড়ি রেস্টুরেন্টের সামনে থেকে দুজনকে গ্রেপ্তার করে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার সকাল সাড়ে ৯টার দিকে কলেজ অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভের (কোডা) উদ্ভিদবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সিফাত জেসমিন নূর এইচএসসি পরীক্ষায় উদ্ভিদবিজ্ঞান বিষয়ের পরীক্ষার্থীদের মোবাইলে এসএমএসে প্রাপ্ত প্রশ্ন সমাধান করে দিচ্ছিলেন। এ সময় সাদা পোশাকধারী পুলিশ ও ঢাকা শিক্ষা বোর্ডের কর্মকর্তারা মোবাইল ফোনসহ পরীক্ষার্থী মো. মেহেদী হাসান ও উক্ত শিক্ষিকাকে হাতেনাতে গ্রেপ্তার করে ভ্রাম্যমাণ আদালতের কাছে সোপর্দ করেন। পরে আদালত শিক্ষিকাকে ২ বছর এবং পরীক্ষার্থীকে ১ মাসের কারাদণ্ড প্রদান করেন।